

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

তারা ক্ষমাপ্রাপ্ত (الرماة الخطّاؤون مغفورون)

আল্লাহ তীরন্দাযদের সাময়িক পদস্থলনকে ক্ষমা করে দিয়েছেন। যেমন তিনি বলেন, إِنَّ النَّذِينَ تَوَلَّوْا مِنْكُمْ يَوْمُ السَّتَزَلَّهُمُ الشَّيْطَانُ بِبَعْضِ مَا كَسَبُوا وَلَقَدْ عَفَا اللهُ عَنْهُمْ إِنَّ اللهَ غَفُورٌ حَلِيمٌ राता (ওহোদের যুদ্ধে) দু'দলের মুখোমুখি হবার দিন ঘাঁটি থেকে ফিরে গিয়েছিল, তাদের নিজেদের কিছু কৃতকর্মের দরুন শয়তান তাদের প্রতারিত করেছিল, আল্লাহ তাদের ক্ষমা করেছেন। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও সহনশীল' (আলে ইমরান ৩/১৫৫)।

সেই সাথে তাদেরকে সাবধান করে দেওয়া হ'ল যে, উম্মতের সামষ্টিক স্বার্থ জড়িত কোন কাজে শরীক হ'লে কেউ যেন আমীরের অনুমতি ছাড়া চলে না যায়। আল্লাহ বলেন,

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللهِ وَرَسُولِهِ وَإِذَا كَانُوا مَعَهُ عَلَى أَمْرٍ جَامِعٍ لَمْ يَذْهَبُوا حَتَّى يَسْتَأْذُنُوهُ إِنَّ الَّذِينَ يَسْتَأْذُنُونَ بِاللهِ وَرَسُولِهِ فَإِذَا اسْتَأْذُنُوكَ لِبَعْضِ شَأْنِهِمْ فَأْذَنْ لِمَنْ شِئْتَ مِنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمُ لَلهَمُ اللهَ غَفُورٌ رَحِيمٌ للهَمْ (نور 62) _ اللهَ غَفُورٌ رَحِيمٌ _ (نور 62) _

'মুমিন তো কেবল তারাই, যারা আল্লাহ ও তার রাসূলের উপর বিশ্বাস স্থাপন করে এবং যখন তারা তার সঙ্গে কোন সমষ্টিগত গুরুত্বপূর্ণ কাজে সাথী হয়, তখন যেন তারা চলে না যায় তার কাছ থেকে অনুমতি না নেওয়া পর্যন্ত। নিশ্চয়ই যারা তোমার কাছে অনুমতি প্রার্থনা করে, তারাই আল্লাহ ও তার রাসূলের প্রতি বিশ্বাসী। অতএব তারা তাদের কোন কাজে তোমার নিকট অনুমতি চাইলে তাদেরকে তুমি অনুমতি দাও যাকে চাও। আর তাদের জন্য আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল ও দয়াবান' (নূর ২৪/৬২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5448

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন